গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিকলী উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ

**উপজেলা পরিষদের আগস্ট ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি : পাপিয়া আক্তার
প্রশাসক, উপজেলা পরিষদ, নিকলী, কিশোরগঞ্জ।
সভার স্থান/মাধ্যম : উপজেলা পরিষদ হলরুম, নিকলী, কিশোরগঞ্জ।
সভার তারিখ : ২৮ আগস্ট ২০২৪ তারিখ, রোজ: বুধবার, সময়: ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিতির হাজিরা পরিশিষ্ট ''ক'' মোতাবেক।

সভাপতি নিকলী উপজেলা পরিষদ, আগস্ট ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং আলোচ্যসূচি মোতাবেক আলোচনা করার অনুরোধ জানান।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| আলোচ্য সূচি-১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং গত জুলাই ২০২৪ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অবলোকন করার ও সংশোধনযোগ্য কিছু থাকলে আলোচনা করার অনুরোধ জানান। | সংশোধনযোগ্য কিছু না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, নিকলী |
| আলোচ্য সূচি-২ | গত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহীত কার্যক্রমের উপর আলোচনা | গত সভার সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়। | গত সভার সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | স্ব-স্ব বিভাগীয় প্রধান |
| আলোচ্য সূচি-৩ | স্থায়ী কমিটির সভা সংক্রান্ত বিষয়ে আলোচনা | কমিটির সভা সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত সভা করার অনুরোধ জানান। | কমিটির সভা নিয়মিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সভাপতি ও সকল সদস্যগণ |
| আলোচ্য সূচী-৪ | উপজেলা পরিষদের আয়-ব্যয় বিষয়ে আলোচনা | ১। উপজেলা পরিষদের জুলাই ২০২৪ মাসের আপ্যায়ন বাবদ ২৮,৫০০/- টাকার বিল এবং জুলাই ২০২৪ মাসের স্টেশনারী মালামাল ক্রয়ের ৫,০০০/- টাকার বিল সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা পরিষদের জুলাই ২০২৪ মাসের আপ্যায়ন ব্যয় ২৮,৫০০/- টাকা এবং স্টেশনারী মালামাল ক্রয়ের ৫,০০০/- টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, নিকলী |
| আলোচ্য সূচী-৫ | বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কিত আলোচনা। | ক) কৃষি বিভাগ: জনাব মো: সাখাওয়াত হোসেন, উপজেলা কৃষি অফিসার, নিকলী, কিশোরগঞ্জ বলেন, চলতি আমন মৌসুমে রোপা আমন ধানের রোপন ইতোমধ্যে ৮০% সম্পন্ন হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জনে রোপন কার্যক্রম চলমান রয়েছে। রোপা আমন ধানের আবাদ কার্যক্রমে পর্যাপ্ত সারের মজুদ রয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার, নিকলী, কিশোরগঞ্জ। |
| | | খ) স্বাস্থ্য বিভাগ: ডা: সঞ্জীব ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জ বলেন, বন্যা পরিস্থিতি মোকাবেলাকল্পে প্রয়োজনীয় পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট ও খাবার স্যালাইন সরবরাহ করা হয়েছে। সাপের উপদ্রব মোকাবেলায় এন্টিভেনাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নিকলীতে মজুদ আছে। মাঠ পর্যায়ে কার্যক্রম, টিকাদান, কমিউনিটি ক্লিনিক কার্যক্রমসহ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্যসেবা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | বন্যা পরিস্থিতিতে হাসপাতালে আগত রোগীদের দ্রুত স্বাস্থ্য সেবা নিশ্চিতে কাজ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| | | গ) প্রাণিসম্পদ বিভাগ ডা: মোহাম্মদ আবু হানিফ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জ বলেন, বিনামূলে ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প এবং বিনামূল্যে টিকাপ্রদান কর্মসূচী চলমান থাকবে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা |
| | | ঘ) মৎস্য বিভাগ জনাব মো: নজরুল ইসলাম, উপজেলা মৎস্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব), নিকলী, কিশোরগঞ্জ বলেন, ২০২৪-২৫ অর্থবছরে পোনা মাছ অবমুক্ত করার জন্য মোট ১,৬০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। তিনি বরাদ্দকৃত অর্থ দ্বারা পোনা মাছ অবমুক্ত করাতে সকলের | চায়না দুয়ারী জাল বন্ধে ঘন ঘন অভিযান পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য অফিসার নিকলী, কিশোরগঞ্জ |

CamScanner

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সহযোগিতা কামনা করেন। | | |
| | | ঙ) মাধ্যমিক বিভাগ<br>জনাব আরাধন কুমার দেব, উপজেলা একাডেমিক সুপারভাইজার, নিকলী, কিশোরগঞ্জ বলেন, মাধ্যমিক পর্যায়ের সকল এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের সকল পর্যায়ের ম্যানেজিং কমিটির সভাপতিকে অপসরণ করা হয়েছে এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সভাপতি করা হয়েছে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা একাডেমিক সুপারভাইজার |
| | | চ) প্রাথমিক শিক্ষা বিভাগ<br>জনাব সৈয়দা মোহসীনা সোবহান, উপজেলা শিক্ষা অফিসার, নিকলী, কিশোরগঞ্জ বলেন, অত্র উপজেলার সিংপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় নদী ভাঙ্গন কবলিত। পানি উন্নয়ন বোর্ড কর্তৃক জিও ব্যাগ ফেলার বিনীত অনুরোধ করেন। দক্ষিণ হাবশ্বরদিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠের জায়গা দখল করে একটি পরিবার ২ বছর যাবত অবস্থান করছে। উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে দক্ষিণ হাবশ্বরদিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠের জায়গা দখলদার পরিবারকে উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, জারইতলা ইউনিয়ন পরিষদ, নিকলী, কিশোরগঞ্জকে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, জারইতলা ইউনিয়ন পরিষদ, নিকলী, কিশোরগঞ্জ |
| | | ছ) উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা:<br>এ বিভাগ থেকে কোন কার্যপত্র পাওয়া যায়নি। | - | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| | | জ) পরিবার পরিকল্পনা বিভাগ:<br>জনাব মো: আফতাব উদ্দিন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জ বলেন, তার দপ্তরের ৩টি কক্ষের ছাদ দিয়ে পানি পরে, ফলে ৩টিতে কাজ করাতে কষ্ট হয়। তাই ৩টি কক্ষের ছাদ সংস্কারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। নিকলী উপজেলায় মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ২৭৫৮৬ জন, গর্ভবতী-৭১১ জন। জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা-২১৬৯৩ জন। গ্রহণকারীর হার ৭৮.৬৪% শতাংশ। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, নিকলী, কিশোরগঞ্জকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, নিকলী, কিশোরগঞ্জ |
| | | ঝ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়<br>এ বিভাগ থেকে কোন কার্যপত্র পাওয়া যায়নি। | - | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| | | ঞ) পল্লী উন্নয়ন বোর্ড<br>জনাব শেখ মো: মহসিন উদ্দিন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নিকলী, কিশোরগঞ্জ বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| | | ট) মহিলা বিষয়ক বিভাগ:<br>জনাব শামসুন নাহার তাসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জ বলেন, ভিডব্লিউবি কর্মসূচী ও মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ২০২৪-২০২৫ সালের কোন বরাদ্দ পাওয়া যায়নি। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট সকল |
| | | ঠ) সমাজসেবা বিভাগ:<br>জনাব আসিফ ইমতিয়াজ মনির, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জ বলেন, উপজেলা সমাজসেবা কার্যালয়ের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিগত ২২ আগস্ট ২০২৪ তারিখে উপজেলা সমাজসেবা কার্যালয়, নিকলী, কিশোরগঞ্জ হতে কামালপুর পল্লী মাতৃকেন্দ্র প্রকল্প গ্রামে ০৮টি স্কীমের অনুকূলে মোট=৩,৬১,৫০০/- টাকা বিনিয়োগ করা হয়েছে। পল্লী সমাজসেবা, পল্লী মাতৃকেন্দ্র এবং দগ্ধ প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমের আওতায় ইতিপূর্বে বিনিয়োগকৃত ২৪,৭৭,০০০/- টাকা সার্ভিস চার্জসহ ১০০% আদায় হওয়ায় বিভিন্ন প্রকল্প গ্রামের ৭১টি স্কীমের অনুকূলে বিগত ২২ আগস্ট ২০২৪ তারিখে সর্বমোট =২৪,৭৭,০০০/- পুনঃবিনিয়োগ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

CamScanner

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ড) রিসোর্স সেন্টার:<br>এ বিভাগ থেকে কোন কার্যপত্র পাওয়া যায়নি। | - | প্রশিক্ষক, উপজেলা রিসোর্স সেন্টার |
| | | ঢ) জনস্বাস্থ্য বিভাগ:<br>জনাব মো: বোরহান উদ্দিন, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নিকলী, কিশোরগঞ্জ বলেন, ১৮ আগস্ট ২০২৪ তারিখে বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ এবং স্যানিটেশন ব্যবস্থার পুর্ণনির্মাণে জরুরী সহায়তা প্রকল্প (জিওবি-এডিবি) প্রকল্পে নিকলীর উপজেলার থোক বরাদ্দের বিভাজনের UNDP এর উপস্থিতিতে উপজেলা ওয়াটসন কমিটি এর মিটিং আহবান করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| | | ণ) সমবায় বিভাগ<br>জনাব ছালেহা খাতুন, উপজেলা সমবায় অফিসার, নিকলী, কিশোরগঞ্জ বলেন, সমিতির পরিদর্শন ও আশ্রয়ন প্রকল্প নিবন্ধন সংক্রান্ত সকল কার্যাক্রম চলছে। তাছাড়া অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক অডিট বরাদ্ধ কার্যক্রম ৩১মার্চ ২০২৫ তারিখে শেষ হয়। সেই মোতাবেক অডিট কার্যক্রম চলছে। ২০২৩-২০২৪ অডিট ফি ও সিডিএফ সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে। সমবায় বিভাগীয় অন্যান্য সকল কার্যক্রম অর্থাৎ সমবায় সমিতি গুলোর লক্ষমাত্রা অনুযায়ী নিয়মিত পরিদর্শন, পরিচর্যা ও মনিটরিং ও আশ্রয়ন নিবন্ধন কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রতিটি ইউনিয়নে আশ্রয়ন সমবায় সমিতি সংগঠন কার্যক্রম প্রক্রিয়া চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| | | ত) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা:<br>এ বিভাগ থেকে কোন কার্যপত্র পাওয়া যায়নি। | - | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| | | থ) পল্লী বিদ্যুৎ সমিতি<br>এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, নিকলী, কিশোরগঞ্জ বলেন, সকল দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি |
| | | দ) খাদ্য বিভাগ<br>জনাব খন্দকার নিয়াম আহমেদ হিমেল, ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাদ্য গুদাম, নিকলী, কিশোরগঞ্জ বলেন, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি বলেন নিকলী এলএসডিতে ধান ৪০৫.০০০ মেট্রিক টন, চাল ১৩৮১.২১৭ মেট্রিক টন মজুদ আছে। এছাড়াও ধান সংগ্রহ ৭৯৮.০০০ মেট্রিক টন এবং চাল ১৮৯৩.৬০০ মেট্রিক টন সংগ্রহ করা হয়েছে। | ধান সংগ্রহ কার্যক্রম বেগবান করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নিকলী, কিশোরগঞ্জ |
| | | ধ) বন বিভাগ:<br>জনাব মো: মাজহারুল ইসলাম ভূঞা, উপজেলা বন কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জ বলেন, নিকলী উপজেলায় মোট ০৭টি স'মিল/করাতকল আছে। তার মধ্যে একটি করাতকলের বন বিভাগ কর্তৃক লাইসেন্স প্রাপ্ত হয়েছে। বাকী করাতকলগুলো লাইসেন্সবিহীন অবৈধভাবে চালানো হচ্ছে। তাদেরকে বারবার তাগিদ/নোটিশ দেওয়ার পরও লাইসেন্স করার উদ্যোগী হচ্ছে না। তাদের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়াও তিনি লাইসেন্সবিহীন করাতকলের বিদ্যুৎ লাইন সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়ার জন্য অনুরোধ করেন। | এ বিষয় বিস্তারিত আলোচনান্তে লাইসেন্সবিহীন করাতকলের বিদ্যুৎ লাইন সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়ার জন্য এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, নিকলী, কিশোরগঞ্জকে অনুরোধ করা হলো। | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, নিকলী, কিশোরগঞ্জ |
| | | ন) তথ্য সেবা কর্মকর্তা<br>এ বিভাগ থেকে কোন কার্যপত্র পাওয়া যায়নি। | - | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা |
| | | প) নির্বাচন বিভাগ:<br>এ বিভাগ থেকে কোন কার্যপত্র পাওয়া যায়নি। | - | উপজেলা নির্বাচন অফিসার |
| | | ফ) ইউডিএফ, ইউজিডিপি:<br>জনাব দূর্গা রাণী সাহা, ইউডিএফ, ইউজিডিপি, স্থানীয় সরকার বলেন, স্থানীয় সরকার বিভাগ মনিটরিং-১ শাখা এবং স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ এর স্মারকের সূত্র অনুযায়ী প্রাপ্তপত্রের আলোকে বলা হয় যে, উপজেলা পরিষদের স্থানীয় সরকার বিভাগের নিম্নোক্ত তথ্য হালনাগাদ করার নির্দেশনা রয়েছে:<br>১। উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী<br>২। ১৭টি স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সকল দপ্তর প্রধানগণদের আলোচ্য বিষয়সমূহের আলোকে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | দপ্তর প্রধান (সকল) |

CamScanner

| ক্রমঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ৩। অর্থবছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা<br>৪। পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনা<br>৫। অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী এর প্রতিবেদন | | |
| | | ব) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ:<br>জনাব এফ.এম নূর-উজ-জামান, সহকারী প্রোগ্রামার, নিকলী, কিশোরগঞ্জ বলেন, যে সমস্ত ইউনিয়ন পরিষদের ডিজিটাল সেন্টারের (ইউডিসি) উদ্যোক্তা (পুরুষ ও মহিলা) বর্তমানে কর্মরত বা চুক্তিবদ্ধ নেই অতিদ্রুত নিয়োগ এবং চুক্তি সম্পন্ন করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের প্রতি অনুরোধ করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পরিষদের ডিজিটাল সেন্টারের (ইউডিসি) উদ্যোক্তা (পুরুষ ও মহিলা) দের সাথে চুক্তি সম্পন্ন করে উপজেলা নির্বাহী অফিসার, নিকলী, কিশোরগঞ্জকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |
| | | ব) জারইতলা ইউনিয়ন পরিষদ:<br>এ বিভাগ থেকে কোন কার্যপত্র পাওয়া যায়নি। | - | চেয়ারম্যান, জারইতলা ইউনিয়ন পরিষদ |
| | | ভ) সিংপুর ইউনিয়ন পরিষদ:<br>চেয়ারম্যান, সিংপুর ইউনিয়ন পরিষদ, নিকলী, কিশোরগঞ্জ বলেন, বেশ কিছু রাস্তাঘাট বন্যায় ভেঙ্গে গেছে। মেরামত করার আবেদন করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জ |
| | | ম) চেয়ারম্যান, নিকলী সদর ইউনিয়ন পরিষদ<br>চেয়ারম্যান, নিকলী সদর ইউনিয়ন পরিষদ, নিকলী, কিশোরগঞ্জ বলেন, প্রতিদিনই ইউনিয়ন পরিষদে অবস্থান করে জনগণকে সেবা প্রদান করছেন। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, নিকলী সদর ইউনিয়ন পরিষদ |
| | | ভ) চেয়ারম্যান, ছাতিরচর ইউনিয়ন পরিষদ<br>চেয়ারম্যান, ছাতিরচর ইউনিয়ন পরিষদ, নিকলী, কিশোরগঞ্জ বলেন, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, ছাতিরচর ইউনিয়ন পরিষদ |
| | | য) চেয়ারম্যান, গুরুই ইউনিয়ন পরিষদ<br>এ বিভাগ থেকে কোন কার্যপত্র পাওয়া যায়নি। | - | চেয়ারম্যান, গুরুই ইউনিয়ন পরিষদ |
| | | র) চেয়ারম্যান, দামপাড়া ইউনিয়ন পরিষদ<br>এ বিভাগ থেকে কোন কার্যপত্র পাওয়া যায়নি। | - | চেয়ারম্যান, দামপাড়া ইউনিয়ন পরিষদ |
| | | ল) চেয়ারম্যান, কারপাশা ইউনিয়ন পরিষদ<br>এ বিভাগ থেকে কোন কার্যপত্র পাওয়া যায়নি। | - | চেয়ারম্যান, কারপাশা ইউনিয়ন পরিষদ |
| আলোচ্য সূচী-৬ | ভৌত অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত প্রকল্প বিষয়ে আলোচনা | উপজেলা প্রকৌশলী, নিকলী, কিশোরগঞ্জ বলেন, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সাম্প্রতিক অনাকাংখিত পরিস্থিতিতে উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত ক্ষতিগ্রস্ত বিভিন্ন সরকারি স্থাপনা সংস্কারের লক্ষ্যে সেগুলোর প্রাক্কলন তৈরিপূর্বক উপস্থাপন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, নিকলী, কিশোরগঞ্জ |
| আলোচ্য সূচী-৭ | বিবিধ | উপজেলা সমবায় অফিসার সভায় বলেন, নিকলী উপজেলা সাঁতারের জন্য সারাদেশে বিখ্যাত। উপজেলা পরিষদ অভ্যন্তরে অবস্থিত ০৩টি পুকুরের মধ্যে ০১(এক)টি পুকুর সাঁতারুদের প্রশিক্ষণ ও উপজেলা পরিষদ অভ্যন্তরে বসবাসকারীদের জন্য রেখে বাকী ০২(দুই)টি পুকুর ইজারা দেওয়া হলে সাঁতারুদের স্বাস্থ্য ঝুকিঁ হ্রাস পাবে। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ অভ্যন্তরের ০৩(তিন)টি পুকুরের মধ্যে ০২(দুই)টি পুকুর ৩১ চৈত্র ১৪৩১ পর্যন্ত সময়কালের জন্য হারাহারি মতে উন্মুক্ত পদ্ধতিতে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

CS CamScanner

সভাপতি সভায় বলেন, স্বচ্ছ, সুন্দর, জবাবদিহিতামূলক প্রশাসন গড়তে হবে। প্রয়োজনে ছাত্র সমাজের সুপারিশ আমলে নিতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৮/২০২৪

(পাপিয়া আক্তার)
সভাপতি
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
নিকলী, কিশোরগঞ্জ

তারিখঃ ১৩ ভাদ্র ১৪৩১
২৮ আগস্ট ২০২৪

স্মারক নং-০৫.৪১.৪৮৭৬.১৩.০১০.১৪-

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
০৫। উপজেলা........................................................................................কর্মকর্তা, নিকলী,কিশোরগঞ্জ।
০৬। চেয়ারম্যান...............................................................................ইউপি (সকল)।
০৭। অফিস কপি।

(পাপিয়া আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
নিকলী, কিশোরগঞ্জ।

CamScanner